

# ■■ সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৯৬২ ১১/ সালাতুল কুস্ফ (كتاب الكسوف) পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই

### আরবী

وَحَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيد، عَنْ مَالِك بْنِ أَنس، عَنْ هِشَامِ بْنِ عُرُوَة، عَنْ أَبِيه، عَنْ عَائِشَة، ح. وَحَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَة، - وَاللَّفْظُ لَهُ - قَالَ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ نُمَيْرٍ، حَدَّثَنَا هِشِامٌ، عَنْ أَبِيه، عَنْ عَائِشَة، قَالَتْ خَسَفَتِ الشَّمْسُ فِي عَهْدِ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يُصَلِّي فَأَطَالَ الْقِيَامِ الْأَوَّلِ ثُمَّ رَكَعَ فَأَطَالَ الله عليه وسلم يُصَلِّي فَأَطَالَ الْقِيَامِ الْأَوَّلِ ثُمَّ رَكَعَ فَأَطَالَ الرُّكُوعَ جِدًّا ثُمَّ رَفَعَ رَأْسَهُ فَأَطَالَ الْقِيَامِ الْوَّلِ ثُمَّ رَكَعَ فَأَطَالَ الرُّكُوعَ جِدًّا وَهُو دُونَ الرُّكُوعِ الأَوَّلِ ثُمَّ سَجَدَ ثُمَّ قَامَ فَأَطَالَ الْقِيَامِ الْأَوَّلِ ثُمَّ رَفَعَ رَأْسُهُ فَقَامَ فَأَطَالَ الْقِيَامِ اللَّوَلِ ثُمَّ رَفَعَ رَأْسُهُ فَقَامَ فَأَطَالَ الْقِيَامِ وَهُو دُونَ الرُّكُوعِ الأَوَّلِ ثُمَّ رَفَعَ رَأُسُهُ فَقَامَ فَأَطَالَ الْقِيَامِ وَهُو دُونَ الرُّكُوعِ الْأَوَّلِ ثُمَّ رَفَعَ رَأُسُهُ فَقَامَ فَأَطَالَ الْقِيَامَ وَهُو دُونَ الرُّكُوعِ الْأَوَّلِ ثُمَّ رَفَعَ رَأُسُهُ فَقَامَ فَأَطَالَ الْقِيَامَ وَهُو دُونَ الرُّكُوعِ الْأَوْلِ ثُمَّ سَجَدَ ثُمَّ الْعَيَامِ وَهُو دُونَ الرُّكُوعِ الأَوْلِ ثُمَّ سَجَدَ ثُمَّ الْوَلِكُ أَلَّهُ مَلُ اللَّهِ صَلَى الله عليه وسلم وَقَدْ تَجَلَّتِ الشَّمْسُ فَخَطَبَ النَّاسَ فَحَمِدَ الْنَهُ وَالْمُونَ وَلَا لَكَ وَلَا لَا اللَّهُ وَالَّهُ وَالْمُونَ عَلَا أَلُو اللَّهُ اللهُ وَلَالَةُ وَلَا اللَّهُ وَاللّهُ الْوَ تَعْلَمُونَ مَا اللّهُ وَصَلُوا وَتَصَدَّدُوا اللّهُ وَصَلُوا وَتَصَدَّقُوا يَا أُمَّةً مُحَمِّد إِنْ السَّمْسَ وَالْقَمَرَ مِنَ اللّهِ الْ السَّمْسَ وَالْقَمَرَ مَنَ اللّهُ اللهُ اللهُ

#### বাংলা

১৯৬২। কৃতায়বা ইবনু সাঈদ ও আবৃ বকর ইবনু আবৃ শায়বা (রহঃ) ... আয়িশা (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর সময়ে সূর্য গ্রহণ হল। তখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম সালাত আদায় করতে দাঁড়িয়ে গেলেন এবং কিয়ামকে দীর্ঘায়িত করলে এরপর করলেন, রুকুকেও দীর্ঘায়িত করলেন। রুকু' হতে মাথা উঠালেন এবং দীর্ঘক্ষণ দাঁড়িয়ে থাকলেন। কিন্তু পূর্বের দাঁড়াবার সময়ের চেয়ে



কম দীর্ঘ ছিল। এরপর রুকু' করলেন এবং দীর্ঘ রুকু' করলেন, কিন্তু প্রথম রুকু' হতে কিছু কম। এরপর সিজদা করলেন, তারপর দাঁড়ালেন এবং দীর্ঘক্ষণ দাঁড়ালেন। কিন্তু, প্রথম কিয়াম হতে কম, এরপর রুকু' করলেন এবং রুকু'কে দীর্ঘায়িত করলেন। প্রথম রুকু' হতে কম, এর পর মাথা উঠালেন এবং দীর্ঘক্ষণ দাড়ালেন, কিন্তু পূর্বের কিয়াম হতে কম। এরপর পূনরায় রুকু' করলেন এবং রুকু' দীর্ঘায়িত করলেন। কিন্তু পূর্ব হতে কম। অতঃপর সিজদা করলেন।

তারপর রাসুলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম ফিরলেন। এদিকে সূর্য উজ্জ্বল হয়ে উঠল। অতঃপর লোকদের উদ্দেশে খূতবা দিতে গিয়ে আল্লাহর হামদ ও সানা করলেন। এরপর বললেন, সূর্য ও চন্দ্র আল্লাহর কুদরতের বিশেষ নিদর্শন। কারো মৃত্যু বা জন্মের কারণে সূর্যগ্রহণ হয় না, যখন তোমরা সুর্য বা চন্দ্রগ্রহণ দেখতে পাও, তখন তাকবীর বলো, দু'আ করো, সালাত আদায় করো সাদাকা দাও। হে মুহাম্মাদ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম এর উম্মাত! এ ব্যাপারে আল্লাহর চেয়ে অধিক আত্মসম্মানবোধসম্পন্ন কেউ নেই যে, তার বান্দা ব্যাভিচার করবে এবং তাঁর বান্দী ব্যাভিচার করবে (অথচ তিনি শাস্তি দিবেন না) হে মুহাম্মাদের উম্মাত! আল্লাহর কসম, যদি তোমরা জানতে, আমি যা জানি, তবে তোমরা কান্নাকাটি করতে অধিক এবং হাসতে অনেক কম। আমি কি আল্লাহর হুকুম যথাযথ ভাবে প্রচার করেছি? মালিকের বর্ণনায় আছে যে, সূর্য ও চন্দ্র আল্লাহর বিশেষ নিদর্শনাবলীর মধ্যে দু'টি নিদর্শন।

### **English**

'A'isha reported that there was a solar eclipse in the time of the Messenger of Allah (ﷺ). He stood up to pray and prolonged his stand very much. He then bowed and prolonged very much his bowing. He then raised his head and prolonged his stand much, but it was less than the (duration) of the first stand. He then bowed and prolonged bowing much, but it was less than the duration of his first bowing. He then prostrated and then stood up and prolonged the stand, but it was less than the first stand. He then bowed and prolonged his bowing, but it was less than the first bowing. He then lifted his head and then stood up and prolonged his stand, but it was less than the first stand. He then bowed and prolonged bowing and it was less than the first bowing. He then prostrated himself; then he turned about, and the sun had become bright, and he addressed the people. He praised Allah and landed Him and said:

The sun and the moon are two signs of Allah; they are not eclipsed on account of anyones death or on account of anyone's birth. So when you see them, glorify and supplicate Allah, observe prayer, give alms. O Ummah of Muhammad, none is more indignant than Allah When His servant or maid commits fornication. O people of Muhammad, by Allah, if you knew what I know, you would weep much and laugh little.



## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

 ${\color{red} {\it O}} {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=11327}$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন